

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৭টি প্রতিষ্ঠানকে ২৬.০০ হাজার টাকা জরিমানা

১ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহ আলী থানা ও মিরপুর মডেল থানায় এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে মোসলেম বাইস এন্ড ভ্যারাইটিজ স্টোর, বিক্রমপুর ভ্যারাইটিজ স্টোর, রাজধানী এন্টারপ্রাইজ, হিমেল ভ্যারাইটিজ স্টোর, জেনারেল স্টোর ও সামিরা স্টোরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৬,০০০/- (ছয় হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ২১,০০০/- (একুশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রুপচাঁদা রেস্টোরাঁকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

আজকের বাজার তদারকিতে ৭টি প্রতিষ্ঠানকে মোট ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। জেলা পুলিশ, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।